৩৪

দৈনিক সংবাদ

তারিখ ... 17 JUN 1997 ...
পৃষ্ঠা ২ কলাম ১ ......

# কর্মমুখী শিক্ষা চালু ও কর্ম নিয়োগ নীতি প্রণয়নের দাবি

(নিজস্ব বার্তা পরিবেশক)

কর্মমুখী শিক্ষা চালুসহ শিক্ষা সমাপ্তির সাথে সাথে জীবিকা অর্জনের ব্যবস্থা সুনিশ্চিত করার লক্ষ্যে একটি কর্মনিয়োগ নীতি প্রণয়নের আহ্বান জানিয়েছে বাংলাদেশ কর্মসংস্থান সংস্থা।

গতকাল সোমবার বিসিআইসি মিলনায়তনে সংস্থার এক সাংবাদিক সম্মেলনে এই আহ্বান জানানো হয়। অধ্যাপক কবীর চৌধুরীর পরিচালনায় এ সম্মেলনে লিখিত বক্তব্য রাখেন সংস্থার সভাপতি অধ্যাপক আজিজুর রহমান চৌধুরী।

কবীর চৌধুরী বলেন, ঘোষিত বাজেট কতটুকু অভিনন্দনযোগ্য তা বলা কঠিন। এ বাজেটে বেকার, বৃদ্ধ ও গৃহনির্মাণের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছে তাতে সরকারকে ধন্যবাদ দিতে হবে। তবে এ বরাদ্দ আরো বাড়ানো দরকার বলে তিনি মত প্রকাশ করেন। তিনি বলেন, দারিদ্র্য বিমোচনে অনেকে কাজ করছে। ফলে অনেক পথ খুলে গেছে বেকারত্ব নিরসনের। তবে এসব কাজ প্রয়োজনের তুলনায় অপ্রতুল।

লিখিত বক্তব্যে অধ্যাপক আজিজুর রহমান চৌধুরী জানান, তাদের এ সংগঠনের কর্মীদের উপর বিগত সরকার অনেক নির্যাতন করেছে। যা কেবল অত্যাচারই ছিল না, দিয়েছিল আত্ম-কর্মসংস্থানের পথ রুদ্ধ করে।

তিনি, বাংলাদেশ কর্মসংস্থান সংস্থা প্রস্তাবিত বেসরকারি আত্মকর্মসংস্থান ক্ষুদ্র শিল্প নগরী স্থাপন ও এ প্রকল্পে অর্থায়নে সরকার কর্তৃক গঠিত কমিটি পুনরুজ্জীবিত করে দ্রুত প্রকল্পটি বাস্তবায়নের ব্যবস্থা করার আহ্বান জানান। বিদেশে কর্মসংস্থানে ইচ্ছুক ব্যক্তিদের পাসপোর্টের ফি ৩০০ টাকায় ধার্য এবং এমবারকেশন ফি ও ভ্রমণ কর রহিত করার দাবিসহ ১০ দফা দাবিনামা সরকারের নিকট পেশ করেছেন।

সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহাসচিব দীন মোহাম্মদ ভূঁইয়া, অধ্যাপক আশরাফুজ্জামান, জাহাঙ্গীর আলম, শাহাবুদ্দিন মিয়া, মকবুল আহমদ, শফিকুল ইসলাম প্রমুখ।